

চারদিনে বহিষ্কার ৩৪৭ শিক্ষার্থী

এসএসসি ও সমমানের পরীক্ষা

সুগান্তর রিপোর্ট

ছুটির দিনে শনিবার এসএসসি ও সমমানের চতুর্থ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। অসদুপায় অবলম্বন ও এতে সহায়তার দায়ে এদিন সারা দেশে ১০৬ শিক্ষার্থী এবং ৫ শিক্ষক বহিষ্কার হয়েছেন। মোট ৪ হাজার ৮২৭ শিক্ষার্থী পরীক্ষা দিতে যারমি সরকারি তথ্যমতে, শনিবার পর্যন্ত মোট বহিষ্কার হলেন ৩৪৭ শিক্ষার্থী ও ২৩ শিক্ষক। এর বাইরে ১৭ শিক্ষক রয়েছেন যাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়। এসএসসির বাংলা ১ম পত্রের অবজ্ঞাকটিড পরীক্ষায় ওএমআর শিট বিতরণে ভুলের কারণে তাদের বিরুদ্ধে

শিক্ষার্থী : বহিষ্কার

(৩য় পৃষ্ঠার পর)

মিলিয়ে পরীক্ষাজনিত অপরাধে ৫৪ শিক্ষক জড়িয়ে পড়েন। তবে এটি প্রকৃত চিত্র নয় বলে জানা গেছে। কেননা শনিবার আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির দেয়া তথ্য অনুযায়ী মাদ্রাসা বোর্ডে ২ শিক্ষকের বহিষ্কারের তথ্য প্রদান করা হয়। কিন্তু বাগেরহাটের মোড়েলগঞ্জের এক ঘটনায় ৬ শিক্ষককে জেল-জরিমানা ও বহিষ্কারের ঘটনা ঘটেছে। এদের মধ্যে নিশানবাড়িয়া দাখিল মাদ্রাসার সুপার শহিদুল ইসলাম পরীক্ষা কেন্দ্রে গিয়ে এক শিক্ষার্থীর সঙ্গে কথা বলায় ১০ হাজার টাকা জরিমানা, বিবি আশেনা দাখিল মাদ্রাসার শিক্ষক আলী হায়দারের বিরুদ্ধে এক ছাত্রের খাতায় লিখে দেয়ার দায়ে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং অপর ৪ শিক্ষককে কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়। এভাবে অনেক ঘটনাই অপ্রকাশিত রয়ে গেছে। শনিবার এসএসসিতে ইংরেজি দ্বিতীয় পত্র, দাখিলে আরবি দ্বিতীয় পত্র এবং কারিগরিতে বাংলাদেশ ও বিশ্বপরিচয় ও সমাজবিজ্ঞান এবং দাখিল ভোকেশনালে হাদিস শরিফ ও ফিকাহ বিষয়ের পরীক্ষা ছিল। হরতাল থাকায় আজ পরীক্ষা হবে না। এটি নেয়া হবে আগামী শুক্রবার।

পরীক্ষা বিষয়ে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির আহ্বায়ক ও টাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. শ্রীকান্ত কুমার চন্দ বসেন, সৃষ্ট ও শান্তিপূর্ণ পরিবেশে শনিবারের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এদিন ঢাকা শিক্ষা বোর্ডে ১৮ শিক্ষার্থী, রাজশাহী বোর্ডে ১৩ শিক্ষার্থী, কুমিল্লায় ১৯ শিক্ষার্থী, যশোরে ১১ শিক্ষার্থী, চট্টগ্রামে ৫ শিক্ষার্থী, সিলেটে ৩ শিক্ষার্থী, বরিশালে ৫ শিক্ষার্থী ও ২ শিক্ষক, দিনাজপুরে ৪ শিক্ষার্থী, মাদ্রাসা বোর্ডে ২৫ ও ২ শিক্ষক এবং কারিগরিতে ৩ শিক্ষার্থী ও ১ শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। মির্জাগঞ্জ (পটুয়াখালী) প্রতিনিধি জানান, কাঁঠালতলী মাধ্যমিক বিদ্যালয়ে পরীক্ষা কেন্দ্রে ছাত্রদের নকল সরবরাহ করছিলেন হাবিবুর রহমান ও দেবানীষ নামে দুই শিক্ষক। এদের উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর হোসেন হাতেনাতে ধরে ফেলেন।

দু'জনের বিরুদ্ধেই নিয়মিত মামলা হয়েছে। দেবানীষ তখন পালিয়ে যেতে সক্ষম হয়। তবে ঝাটবুনিয়া য. ই. মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক হাবিবুর রহমানকে গ্রেফতার করে জেলহাজতে পাঠানো হয়। একই কেন্দ্রে দৈনিক বঙ্গ শক্তি নামের একটি দৈনিকের প্রতিনিধি কামরুল ইসলামকেও পাকড়াও করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৭ দিনের কারাদণ্ড প্রদান করেন। কেশবপুর (যশোর) প্রতিনিধি জানান, সাগরদাড়ি এমএম ইসলামটিউট এসএসসি পরীক্ষা কেন্দ্রে অবৈধভাবে প্রবেশের অভিযোগে ১ শিক্ষককে ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে ১ বছরের কারাদণ্ড দেয়া হয়েছে। এদিকে সাইফুল ইসলাম নামে এক শিক্ষার্থীকে বহিষ্কার করার ভোলায় লালমোহনে বালিকা মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে হামলা চালায় লালমোহন হাইস্কুলের ছাত্ররা। পরে ডাক্তারের চেষ্টা করলে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি জানান, দিনাজপুর বোর্ডে 'খ' সেট প্রশ্নপত্রে পরীক্ষা নেয়ার কথা থাকলেও চাঁপাইনবাবগঞ্জের হরিমোহন সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে 'ক' সেট প্রশ্নে পরীক্ষা নেয়া হয়েছে।

উল্লেখ্য, শনিবার পর্যন্ত বহিষ্কৃতদের মধ্যে প্রথম পরীক্ষায় ৬ ফেব্রুয়ারি ১৯ পরীক্ষার্থী ও ২১ শিক্ষক, দ্বিতীয় দিনে ৮ ফেব্রুয়ারি ৭১ শিক্ষার্থী, ১৩ ফেব্রুয়ারি তৃতীয় পরীক্ষায় ১৫১ শিক্ষার্থী ও ১৪ শিক্ষক রয়েছেন।